# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী।
**মানিলন্ডারিং, টেররিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ব্রাঞ্চেস কন্ট্রোল ডিপার্টমেন্ট**
ফোন নং: ০৭২১-৭৭০৫১৯; ই-মেইল: dgmbcd@rakub.org.bd; ওয়েবসাইট: www.rakub.org.bd



প্রকা/এমটিএফপি এন্ড বিসিডি সার্কুলার নং-০২/২০২২ তারিখ : ২১.০৬.২০২২

সংশোধিত

বিভাগীয় মহাব্যবস্থাপক, রাজশাহী/রংপুর
সকল জোনাল ব্যবস্থাপক
ব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী
সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয়: রাকাব মোবাইল App ও ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে লেনদেনের কমিশন ও সার্ভিস চার্জ কর্তন।

মহোদয়

ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অনলাইন ব্যাংকিং সুবিধাসমূহ প্রান্তিক পর্যায়ের তৃণমূল মানুষের দোরগোড়ায় পৌছানোর লক্ষ্যে গত ২৩ মার্চ ২০২২ তারিখে রাকাব মোবাইল App ও ইন্টারনেট ব্যাংকিং এর শুভ উদ্বোধন করা হয়। মোবাইল App ও ইন্টারনেট ব্যাংকিং এ নিবন্ধিত গ্রাহকগণকে ঘরে বসে দৈনন্দিন ব্যাংকিং লেনদেনের পাশাপাশি হিসাব খোলা, ফান্ড ট্রান্সফার, ইউটিলিটি বিল পরিশোধ, EFTN, RTGS ও মোবাইল Top-up সেবা প্রদান করা হচ্ছে।

০২। ব্যাংকের গ্রাহকগণকে মোবাইল App ও ইন্টারনেট ব্যাংকিং সেবার বিপরীতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত সার্কুলারে বর্ণিত নির্দেশনা ও MFS কর্তৃক নির্ধারিত হার অনুযায়ী ব্যাংক ব্যবস্থাপনার অনুমোদনক্রমে নিম্নরূপ কমিশন/সার্ভিস চার্জ নির্ধারণ করা হলো:

| ক্র.নং | সেবার বিবরণ | অনুমোদিত কমিশন/সার্ভিস চার্জ | মন্তব্য |
|---|---|---|---|
| ১) | RTGS এর মাধ্যমে অন্য ব্যাংকে ফান্ড ট্রান্সফার | প্রতিটি লেনদেন ভ্যাটসহ ১০০/- টাকা | বাংলাদেশ ব্যাংক এর সার্কুলার মোতাবেক |
| ২) | BEFTN এর মাধ্যমে অন্য ব্যাংকে ফান্ড ট্রান্সফার | বিনামূল্যে | - |
| ৩) | নিজ হিসাবসমূহের মধ্যে ফান্ড ট্রান্সফার (রাকাবের মধ্যে) | বিনামূল্যে | - |
| ৪) | রাকাবের আন্তঃশাখা লেনদেন:<br>নিজ হিসাব হতে অন্যজনের হিসাবে ফান্ড ট্রান্সফার | বিনামূল্যে | - |
| ৫) | মোবাইল Top-up | বিনামূল্যে | - |
| ৬) | রাকাব ও মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান (MFS) এর মধ্যে ফান্ড ট্রান্সফার : | | |
| | ক) রাকাব হিসাব হতে বিকাশ, নগদ ও ট্যাপ একাউন্টে ফান্ড ট্রান্সফার | বিনামূল্যে | চুক্তি মোতাবেক MFS হতে রাকাব কমিশন পাবে |
| | (খ) রাকাব হিসাব হতে রকেট একাউন্টে ফান্ড ট্রান্সফার: | | |
| | (i) সাধারণ কাস্টমার | বিনামূল্যে | |
| | (ii) Stipend & Salary | ব্যাংকের গ্রাহক হিসাব হতে লেনদেনের০.৯% কর্তনকরাহবে। | |
| | (গ) MFS হতে রাকাবে ফান্ড ট্রান্সফার<br>(রাকাবের শাখা/কার্যালয়ের বিল ব্যতীত) | মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নির্ধারিত চার্জ | (i) সংশ্লিষ্ট MFS কর্তৃক মোবাইল ব্যাংকিং হিসাব হতে চার্জ কর্তন করা হবে।<br>(ii) চুক্তি মোতাবেক MFS হতে রাকাব কমিশন পাবে। |
| ৭) | ইউটিলিটি বিল পেমেন্ট : | | |
| | (ক) NESCO | বিলের ১%<br>সর্বোচ্চ ১০০/- (একশত) টাকা<br>(রাকাবের শাখা/কার্যালয় ব্যতীত) | গ্রাহক হিসাব হতে কর্তন করা হবে। |
| | (খ) Rajshahi WASA | বিলের ১%<br>সর্বোচ্চ ৩০/- (ত্রিশ) টাকা | গ্রাহক হিসাব হতে কর্তন করা হবে। |
| ৮) | রাকাব মোবাইল App ও ইন্টারনেট ব্যাংকিং চার্জ | বাৎসরিক ১৫০.০০<br>(একশত পঞ্চাশ) টাকা | গ্রাহক হিসাব হতে কর্তন করা হবে। |

ক্রমশ: পাতা-০২

| ক্র.নং | সেবার বিবরণ | অনুমোদিত কমিশন/সার্ভিস চার্জ | মন্তব্য |
|---|---|---|---|
| ৯) | SMS ব্যাংকিং চার্জ | বাৎসরিক ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকা | গ্রাহক (স্টাফসহ) হিসাব হতে কর্তন করা হবে। |
| | * Shedule of chages বিষয়ে গত ৩০.০৬.২০২১ তারিখে জারীকৃত সার্কুলার নং-০৩/২০২১ এ অনলাইন লেনদেন সংক্রান্ত সার্ভিসের ৪নং ক্রমিকে SMS ব্যাংকিং চার্জ সংক্রান্ত নির্দেশনা ও বিশেষ নির্দেশনা রহিত করা হলো।<br>**বিশেষ নির্দেশনা:**<br>● দারিদ্র বিমোচন কর্মসূচীর সুফলভোগীদের সঞ্চয়ী হিসাবে এসএমএস সার্ভিস প্রযোজ্য নয় এবং এসএমএস চার্জ কর্তন প্রযোজ্য নয়।<br>● ১০/- টাকার সঞ্চয়ী হিসাবে, নোফ্রিল (No Frill Account) সঞ্চয়ী হিসাবে এবং সরকার কর্তৃক গৃহীত সোশ্যাল সেফটি নেট এর আওতায় সঞ্চয়ী হিসাবে এসএমএস সার্ভিস ও এসএমএস চার্জ কর্তন প্রযোজ্য নয়।<br>● বিশেষ সুবিধাপ্রাপ্ত হিসাবসমূহে এসএমএস সার্ভিস ও এসএমএস চার্জ কর্তন প্রযোজ্য নয় (সংজ্ঞা পরিশেষে)।<br>● মাসিক স্কিম এবং এফডিআর হিসাবে এসএমএস সার্ভিস ও এসএমএস চারজ কর্তন প্রযোজ্য নয়। এসব হিসাব ব্যতীত অন্যান্য সকল সঞ্চয়ী, চলতি এবং এসএনডি হিসাবে বার্ষিক ভিত্তিতে এসএমএস চার্জ কর্তন প্রযোজ্য হবে। | | |
| | *** বিধি মোতাবেক ভ্যাট/ট্যাক্স প্রযোজ্য।** | | |

০৩। ব্যাংকের আমানত ও ঋণ হিসাবধারী প্রত্যেক গ্রাহককে অর্ধ-বার্ষিক ও বার্ষিক ভিত্তিতে অর্থাৎ বছরে দু'বার 'লেনদেন বিবরণী' ও 'স্থিতি নিশ্চিতকরণ সনদ' প্রদানের জন্য কোন চার্জ কর্তন করা যাবে না। কৃষি ও পল্লী ঋণ নীতিমালা অনুযায়ী কৃষি ও পল্লী ঋণে নির্ধারিত সুদ ব্যতীত অন্য কোন নামে কোন প্রকার চার্জ, প্রসেসিং ফি/মনিটরিং ফি ইত্যাদি ধার্য করা যাবে না। অন্যান্য সকল ঋণ হিসাবে বার্ষিক ভিত্তিতে SMS চার্জ কর্তন প্রযোজ্য হবে।

০৪। এমতাবস্থায়, মোবাইল App ও ইন্টারনেট ব্যাংকিং সেবার বিপরীতে বর্ণিত কমিশন/সার্ভিস চার্জ অবিলম্বে কার্যকর হবে। সার্কুলার-এ ঘোষিত/প্রকাশিত তালিকা বহির্ভূত কোন কমিশন/সার্ভিস চার্জ আরোপ করা যাবে না। পরিপত্রের বর্ণনানুযায়ী ব্যাংক কর্তৃক প্রদত্ত সেবার বিপরীতে বিভিন্ন ধরণের চার্জ অনুযায়ী গ্রাহকগণকে নিরবচ্ছিন্ন ব্যাংকিং সেবা প্রদান নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকল শাখা/কার্যালয়/বিভাগ এর স্ব স্ব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২১.০৬.২০২২
(মোঃ মহববত আলী বিশ্বাস)
উপ-মহাব্যবস্থাপক

প্রকা/এমটিএফপি এন্ড বিসিডি-৯৬/২০২১-২০২২/১২৩৩(৪০৫)/৫৫ তারিখ: ২১.০৬.২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী-কে সার্কুলারটি রাকাব-এর ওয়েবসাইটে প্রদর্শনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৪। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৬। প্রকল্প পরিচালক, এসইসিপি, রাজশাহী।
০৭। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
০৮। অফিস নথি।

২১.০৬.২০২২
(মোঃ রাশেদুল ইসলাম)
মুখ্য কর্মকর্তা